গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৪১.০৯৩.০০.০০.০০১.২০১৬-১৯৩ তারিখঃ ১৩.০৮.২০১৭ খ্রিঃ

**বিষয়ঃ 'ইনোভেশন টিমসূহের ২০১৭-১৮ অর্থ-বছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন এবং ০১ জানুয়ারি ২০১৭ হতে ৩০ জুন ২০১৭ পর্যন্ত বাস্তবায়িত কর্মপরিকল্পনার প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৮৩১.৪৫.০০৪.১৭.২১২, তারিখ: ০২ জুলাই ২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ২০১৭-১৮ অর্থ-বছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা এবং ১ জানুয়ারি ২০১৭ হতে ৩০ জুন ২০১৭ পর্যন্ত বাস্তবায়িত কর্মপরিকল্পনার প্রতিবেদন প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হ'ল।

সংযুক্ত: বর্ণনামতে।

(মো: লুৎফর রহমান)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৩৬২
ই-মেইল-monitor@mohfw.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃ: আ: জনাব মো: শাহগীর আলম, সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা, পরিবহন পুল ভবন, কক্ষ নং-৮১৩)

**কার্যার্থে ও জ্ঞাতার্থে:**

১. প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. যুগ্মসচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

বিষয়ঃ ০১ জানুয়ারি ২০১৭ হতে ৩০ জুন ২০১৭ পর্যন্ত বাস্তবায়িত কর্মপরিকল্পনার প্রতিবেদন প্রেরণ।

ইনোভেশন টিমের সভা

- **চীফ ইনোভেশন অফিসারের সভাপতিত্বে মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সভাঃ** চীফ ইনোভেশন অফিসারের সভাপতিত্বে ৬টি মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

আইডিয়া ম্যানেজম্যান্ট ও স্কেল আপ

- **পাইলটিংকৃত আইডিয়া/প্রকল্পসমূহের শোকেসিং:** পাইলটিংকৃত আইডিয়া/প্রকল্পসমূহের গত ১২ জানুয়ারি ২০১৭ শোকেসিং ও শেয়ারিং বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আবুল কালাম আজাদ, মুখ্য সমন্বয়ক (এসডিজি) প্রধানমন্ত্রীর কার্যালয়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব এম.এন জিয়াউল আলম, সচিব (সংস্কার ও সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ ও জনাব মোঃ সিরাজুল ইসলাম, সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। কর্মশালায় সভাপতিত্ব করেন জনাব অধ্যাপক ডা: আবুল কালাম আজাদ, মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর। উক্ত কর্মশালায় মাঠ পর্যায়ে নাগরিক সেবায় উদ্ভাবনী পাইলট উদ্যোগ বাস্তবায়নকারী ১৮ জন কর্মকর্তা, মন্ত্রণালয় এবং অধিদপ্তরসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। জনাব আ: গাফফার খান, যুগ্ম সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নেতৃত্বে বাছাই কমিটি কর্মশালায় অংশগ্রহণকৃত ২২টি উদ্ভাবনী প্রকল্প হতে ৪টি প্রকল্প রেপ্লিকেশনের জন্য বাছাই করা হয়।

আওতাধীন অধিদপ্তর/সংস্থার উদ্ভাবন কার্যক্রম তদারকি

- এ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন ৭টি অধিদপ্তর/সংস্থাসমূহে ইনোভেশন টিমের নিয়মিত সভা অনুষ্ঠিত হয়েছে, বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে (কার্যবিবরণীর কপি সংযুক্ত), প্রশিক্ষণ কর্মসূচিতে ইনোভেশন অন্তর্ভুক্ত করা হয়েছে এবং সমন্বয় সভার আলোচ্য সূচিতে ইনোভেশন অন্তর্ভুক্ত করা হয়েছে।
- **মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের প্রত্যেক সদস্যের মাঠ পর্যায়ের ইনোভেশন পাইলট, এসআইএফভুক্ত প্রকল্পসমূহ পরিদর্শনঃ** মাঠ পর্যায়ে ইনোভেশন টিমের কার্যক্রম ও পরিদর্শন চলমান রয়েছে।

ই-ফাইলিং ও ই-সেবা কার্যক্রম

- **মন্ত্রণালয়ের দু'টি শাখা/অধিশাখায় ই-ফাইলিং কার্যক্রমের প্রস্তুতি গ্রহণঃ** মন্ত্রণালয়ের প্রকল্প বাস্তবায়ন-৩ অধিশাখা এবং কম্পিউটার সেলের ই-ফাইলিং কার্যক্রম চালুর প্রস্তুতি চূড়ান্ত পর্যায়ে রয়েছে। আগামী ২৬ জুলাই ২০১৭ তারিখে স্বাস্থ্য সেবা বিভাগের সচিব মহোদয় কর্তৃক উদ্বোধনের সময় নির্ধারণ করা হয়েছে।
- **প্রশিক্ষণঃ** মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের ৩৮ জন অফিসারকে ই-ফাইলিং প্রশিক্ষণ দেওয়ার জন্য নির্বাচন করা হয়েছে।

পুরস্কার/স্বীকৃতি

- **ইনোভেশন পাইলট/প্রকল্পের সফল ইনোভেটর/উত্তম ইনোভেটরকে পুরস্কার/স্বীকৃতি প্রদান:** ইনোভেশন পাইলট/প্রকল্পের সফল ইনোভেটর/উত্তম ইনোভেটরকে পুরস্কার/স্বীকৃতি প্রদানের কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।

পার্টনারশিপ ও নেটওয়ার্কিং


- **ইনোভেশন সম্পৃক্ত প্রশিক্ষণ, বুদ্ধিবৃত্তিক পরামর্শসহ বিবিধ বিষয়ে a2i প্রোগ্রাম, মন্ত্রিপরিষদ বিভাগ ও সংশ্লিষ্ট অংশীজনদের সাথে যোগাযোগ স্থাপন:** ইনোভেশন সম্পৃক্ত প্রশিক্ষণ, বুদ্ধিবৃত্তিক পরামর্শসহ বিবিধ বিষয়ে a2i প্রোগ্রাম, মন্ত্রিপরিষদ বিভাগ ও সংশ্লিষ্ট অংশীজনদের সাথে যোগাযোগ অব্যাহত আছে।

সোশাল মিডিয়া

- **মন্ত্রণালয়ের নিজস্ব ফেইসবুকে ইনোভেশন সম্পৃক্ত বিষয়াদি প্রকাশঃ** মন্ত্রণালয়ের নিজস্ব ফেসবুক পেজ রয়েছে। মন্ত্রণালয়ের নিজস্ব ওয়েবসাইটে ইনোভেশন কর্ণার সংযুক্ত করা হয়েছে। উক্ত কর্ণারে মন্ত্রণালয় এবং এর আওতাধীন বিভিন্ন অধিদপ্তরের ইনোভেশন সংক্রান্ত তথ্যাদি আপলোড করা হয়েছে।

ডকুমেন্টেশন

- **বর্ষশেষে উদ্ভাবন উদ্যোগের অগ্রগতি সংকলন করে পুস্তিকা প্রকাশ:** উদ্যোগ গ্রহণ করা হচ্ছে।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

**বিষয়ঃ স্বাস্থ্য সেবা বিভাগের ইনোভেশন টিমের ২০১৭-১৮ অর্থ-বছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন।**

| ক্র:নং | বিষয় | কার্যক্রম | কার্যকাল | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রত্যাশিত ফলাফল | পরিমাপ |
|---|---|---|---|---|---|---|
| ১. | ইনোভেশন টিমের সভা | চীফ ইনোভেশন অফিসারের সভাপতিত্বে মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সভা | প্রতিমাসে | চীফ ইনোভেশন অফিসার | ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি ও সমন্বয় | কার্যবিবরণী |
| | | মাঠ পর্যায়ের ইনোভেশন পাইলট, সার্ভিস ইনোভেশন ফান্ড (এসআইএফ) ভূক্ত প্রকল্পের ইনোভেটরগণকে নিয়ে সভা | ত্রৈমাসিক | চীফ ইনোভেশন অফিসার | ইনোভেশন পাইলট ও এসআইএফ ভূক্ত প্রকল্পের কাঙ্খিত অগ্রগতি পর্যালোচনা | অগ্রগতি রিপোর্ট |
| ২. | আইডিয়া ম্যানেজম্যান্ট ও স্কেল আপ | ই-মেইলের মাধ্যমে আইডিয়া সংগ্রহ | ত্রৈমাসিক | সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল | আইডিয়া সৃষ্টিতে আগ্রহী করে তোলা | সংখ্যা |
| | | সংগৃহিত আইডিয়া পাইলটের জন্য পর্যালোচনা ও অনুমোদন গ্রহণ | তিন সপ্তাহ | ইনোভেশন টিম | নির্বাচিত আইডিয়া পাইলটিং এর সুযোগ সৃষ্টি | নির্ধারিত সময়ে সম্পন্ন |
| | | পাইলটিংকৃত আইডিয়া/প্রকল্পসমূহের শোকেসিং | বাৎসরিক | ইনোভেশন টিম | স্কেল আপের জন্য আইডিয়া/প্রকল্পসমূহের নির্বাচন | নির্ধারিত সময়ে সম্পন্ন |
| | | নির্বাচিত আইডিয়া/প্রকল্পসমূহ স্কেল আপ/রেপ্লিকেশনের জন্য নতুন এলাকা নির্বাচন ও প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন | চার মাস | ইনোভেশন টিম | স্কেল আপ/রেপ্লিকেশনের জন্য আইডিয়া/প্রকল্পসমূহ হস্তান্তর | নির্ধারিত সময়ে সম্পন্ন |
| | | নির্বাচিত আইডিয়া/প্রকল্পসমূহ স্কেল আপ/রেপ্লিকেশন বাস্তবায়ন | প্রযোজ্য সময় | বাস্তবায়নকারী কর্মকর্তাগণ | বৃহত্তর পরিসরে সফলতা/বাধা চিহ্নিতকরণ | নির্ধারিত সময়ে সম্পন্ন |
| ৩. | আওতাধীন অধিদপ্তর /সংস্থার উদ্ভাবন | ইনোভেশন টিমের নিয়মিত সভা, বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন, প্রশিক্ষণ কর্মসূচিতে ইনোভেশন | মাসিক /ত্রৈমাসিক /বাৎসরিক | চীফ ইনোভেশন অফিসার | ইনোভেশন কার্যক্রমের কাঙ্খিত অগ্রগতি | দলিলাদি |

| ক্র:নং | বিষয় | কার্যক্রম | কার্যকাল | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রত্যাশিত ফলাফল | পরিমাপ |
|---|---|---|---|---|---|---|
| | কার্যক্রম তদারকি | অন্তর্ভুক্তি এবং সমন্বয় সভার আলোচ্য সূচিতে ইনোভেশন অন্তর্ভূক্তি | | | | |
| | | মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের প্রত্যেক সদস্যের মাঠ পর্যায়ের ইনোভেশন পাইলট, এসআইএফভূক্ত প্রকল্পসমূহ পরিদর্শন | বছরে ন্যুনতম একটি পাইলট/প্রকল্প | ইনোভেশন টিমের প্রতি সদস্য | সফল বাস্তবায়নে সহায়ক | পরিদর্শন সংখ্যা |
| ৪. | ই-ফাইলিং ও ই-সেবা কার্যক্রম | মন্ত্রণালয়ের দু'টি শাখা/অধিশাখায় ই-ফাইলিং কার্যক্রমের প্রস্তুতি গ্রহণ | | কম্পিউটার সেল ও প্রশাসন অনুবিভাগ, প্রবা-১ ও ২ | প্রস্তুতি অর্জন | প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন |
| | | সেবা দাতা ও সেবা গ্রহিতাকে উদ্বুদ্ধকরণ | জুলাই-আগস্ট মাস | কম্পিউটার সেল ও প্রশাসন অনুবিভাগ, প্রবা- ১ ও ২ | আগ্রহ সৃষ্টি | আনুষ্ঠানিক, অনানুষ্ঠানিক সভা |
| | | প্রশিক্ষণ | ২০.০৯.২০১৭ থেকে ১৫.০২.২০১৮ | প্রশাসন-১/এইচআরএম | যোগ্যতা অর্জন | সংখ্যা |
| | | ই-ফাইলিং কার্যক্রম চালু | ২৮.১২.২০১৭ | কম্পিউটার সেল ও প্রশাসন অনুবিভাগ, প্রবা-১ ও ২ | সেবা গ্রহিতার খরচ, সময় ও ভিজিট সংখ্যা কমিয়ে আনা | সংশ্লিষ্ট কাগজপত্র |
| ৫. | পুরষ্কার/স্বীকৃতি | ইনোভেশন পাইলট/প্রকল্পের সফল ইনোভেটর/উত্তম ইনোভেটরকে পুরষ্কার/স্বীকৃতি প্রদান | বাৎসরিক | ইনোভেশন টিম্ | উদ্দীপনা সৃষ্টি ও আগ্রহ ধরে রাখা | সংখ্যা |
| ৬. | পার্টনারশিপ ও নেটওয়ার্কিং | ইনোভেশন সম্পৃক্ত প্রশিক্ষণ, বুদ্ধিবৃত্তিক পরামর্শসহ বিবিধ বিষয়ে a2i প্রোগ্রাম, মন্ত্রিপরিষদ বিভাগ ও সংশ্লিষ্ট অংশীজনদের সাথে যোগাযোগ স্থাপন | সব সময় | ফোকাল পয়েন্ট | প্রতিষ্ঠান ও অংশীজন চিহ্নিতকরণ এবং সহযোগিতার ক্ষেত্র সম্প্রসারণ | কার্যকর যোগাযোগ |
| ৭. | সোশাল মিডিয়া | মন্ত্রণালয়ের নিজস্ব ফেইসবুকে ইনোভেশন সম্পৃক্ত বিষয়াদি প্রকাশ | সব সময় | ফোকাল পয়েন্ট ও কম্পিউটার সেল | সামাজিক মাধ্যমকে ব্যবহার করে উদ্ভাবনকে জনপ্রিয় করে তোলা | পোষ্টিং এর গুণগত ও পরিমাণগত সংখ্যা |
| ৮. | ডকুমেন্টেশন | বর্ষশেষে উদ্ভাবন উদ্যোগের অগ্রগতি সংকলন করে পুস্তিকা প্রকাশ | ডিসেম্বর মাস | ইনোভেশন টিম | উদ্ভাবন উদ্যোগসমূহকে স্থায়ীভাবে সংরক্ষণ | প্রকাশিত পুস্তিকা |